

২০২৫

পঞ্চম সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-9

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৭৫

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “নীলদর্পণ বিদ্রোহের দর্পণ নয়, অত্যাচারের দর্পণ।”— ‘নীলদর্পণ’ নাটকের বিষয়বস্তু আলোচনা করে এ মন্তব্যের যথার্থ্য বিচার করো। ১৫

অথবা

- (খ) দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ নাটকটি সার্থক ট্রাজেডি নাটক।— নাটকের মূল বিষয়বস্তু আলোচনা করে এ বিষয়ে তোমার অভিমত দাও। ১৫

- ২। (ক) ‘টিনের তলোয়ার’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

- (খ) “আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।”— এই উক্তির আলোকে ক্যাশ্চেন বেণীমাধবের চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে ‘ন্যাশানাল থিয়েটার’-এর (১ম পর্বের) অবদান আলোচনা করো। ১৫

অথবা

- (খ) সমকালীন নাটকের অভিনয়ের পরিপ্রেক্ষিতে ‘নাট্য নিয়ন্ত্রণ বিল’-এর ধারাগুলি আলোচনা করে বাংলার নাট্যচর্চার ইতিহাসে এই আইনের প্রভাব সম্পর্কে লেখো। ১৫

- ৪। (ক) ‘নীলদর্পণ’ নাটকটি কোন ঐতিহাসিক প্রেক্ষাপটে রচিত হয়েছিল, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

অথবা

- (খ) ‘নীলদর্পণ’ নাটকের তোরাপ চরিত্রটির পরিচয় দাও। ৫

Please Turn Over

(3997)

- ৫। (ক) “আমি কলকেতাকে পেয়েছি হাতের মুঠোয়। আমি ঐ বাবুদের পেয়েছি পায়ের তলায়।” — কার উক্তি? কেন সে এমন কথা বলেছে? ৫

অথবা

- (খ) উৎপল দত্ত রচিত ‘টিনের তলোয়ার’ নাটকে প্রিয়নাথ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ৫
- ৬। (ক) টীকা লেখো — বেলগাছিয়া নাট্যশালা। ৫

অথবা

- (খ) গণনাট্য আন্দোলনের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫
- ৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) ‘নীলদর্পণ’ নাটকটির প্রথম প্রকাশকাল লেখো।
- (খ) ‘নীলদর্পণ’ নাটকে জেলখানা কোথায় অবস্থিত এবং সেখানে কার মৃত্যু হয়?
- (গ) ‘নীলদর্পণ’ নাটকে উল্লেখিত দুজন নীলকর সাহেবের নাম লেখো।
- (ঘ) ‘নীলদর্পণ’ নাটক প্রকাশের সময় দীনবন্ধু মিত্র কোন ছদ্মনাম ব্যবহার করেছিলেন?
- (ঙ) “শুন গো ভারতভূমি/কত নিদ্রা যাবে তুমি” — গানটি তোমাদের পাঠ্য কোন নাটকে ব্যবহার করা হয়েছে?
- (চ) বীরকৃষ্ণ দাঁ চরিত্রটি কোন নাটকে পাওয়া যায়?
- (ছ) “যাকে ময়না ঘেন্না করে তার সঙ্গে জোর করে গাঁটছড়া বেঁধে দেয়ার চেয়ে মেয়েটাকে মেরে ফেললেই পারো।” — কার উক্তি?
- (জ) “আমি কলকাতার তলায় থাকি।” — কে বলেছে?
- (ঝ) ‘টিনের তলোয়ার’ নাটকে কোন নাটকের অভিনয়ের কথা বলা হয়েছে?
- (ঞ) “নাটক ছাড়া আমি ভাবতে পারি না।” — উক্তিটি কার?
- (ট) নবীন বসুর শ্যামবাজার থিয়েটারের প্রতিষ্ঠাকাল কবে?
- (ঠ) বাগবাজার অ্যামেচার থিয়েটারের দুজন অভিনেতার নাম লেখো।
- (ড) ‘জোড়াসাঁকো নাট্যশালা’ প্রতিষ্ঠার মূল উদ্যোগীদের মধ্যে একজনের নাম লেখো।
- (ঢ) লেবেদেফ কবে, কোথায় নাট্যশালা প্রতিষ্ঠা করেন?
- (ণ) গণনাট্য সংঘ প্রযোজিত যে-কোনো একটি নাটকের নাম লেখো।